দৈনিক সংবাদ

62

06 Apr 1990
পৃষ্ঠা ৮ কলাম ৭

# ক্যাম্পাসে সন্ত্রাসের বিরুদ্ধে জনমত সৃষ্টি করুন

—উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞা সন্ত্রাসের বিরুদ্ধে জনমত সৃষ্টির মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়কে রক্ষর জন্য ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী-অভিভাবক, সরকার, রাজনৈতিক দল, ছাত্র সংগঠন, বুদ্ধিজীবী ও পেশাজীবী সংগঠনসহ সকল দেশবাসীর প্রতি আবেদন জানিয়েছেন।

আগামীকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে পুনরায় ক্লাশ শুরুর প্রাক্কালে গতকাল বৃহস্পতিবার দেয়া এক বিবৃতিতে উপাচার্য এই আবেদন জানান।

বিবৃতিতে তিনি বলেন, আসুন অন্ততঃ একটি ক্ষেত্রে আমাদের রাজনৈতিক আদর্শিক বা অন্য কোনরূপ মতপার্থক্য ভুলে গিয়ে ঐকমত্যে পৌছাই এবং জনমত সৃষ্টি করি যেন আর কোন মা-বাবার সন্তান লাশ হয়ে বিশ্ববিদ্যালয় থেকে ফিরে যেতে না হয়।

তিনি বিশ্ববিদ্যালয় খোলা রাখার ব্যাপারে সংশ্লিষ্ট সকল মহলের কাছে সর্বাত্মক সহযোগিতার আবেদন জানিয়ে বলেন, অল্প সংখ্যক বিপথগামী তরুণের সন্ত্রাসের কারণে বারবার বিশ্ববিদ্যালয় বন্ধ হয়।

তিনি আইন প্রয়োগকারী সংস্থাসমূহের কাছে কোনরূপ শিথিলতা প্রদর্শন না করে সন্ত্রাসকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের আবেদন জানিয়ে বলেন, বস্তুতঃ বর্তমান অবস্থায় তাদের ওপরই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জীবনের নিরাপত্তা বহুলাংশে নির্ভরশীল। উপাচার্য রাজনৈতিক দল ও ছাত্র সংগঠনগুলোর প্রতি আবেদন জানিয়ে বলেন, সন্ত্রাসকারীরা রাজনৈতিক দলের নাম ব্যবহার করে। আমরা আশা করবো তাঁরা যেন সন্ত্রাসকারীদের রাজনৈতিক আশ্রয় না দেন।